



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৪৪৫৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৫১৩

তারিখ: ০৫-০৭-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৫-০৬-২০২২ তারিখের আবেদন (আইডি- ১৬৮৮২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মোঃ মিজানুর রহমান একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অভিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

জেলা শিক্ষা অফিসার
বাগেরহাট।

০৫-০৭-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৪৪৫৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৫১৩ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ: ০৫-০৭-২০২২

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৪। প্রধান শিক্ষক, উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়, বাবুরহাট, রামপাল, বাগেরহাট।
- ৫। অভিযোগকারী, মোঃ মিজানুর রহমান (০১৭২৮-৯৯১৯১২), সোনাতুনিয়া, রামপাল, বাগেরহাট।
- ৬। অফিস নথি।

০৫-০৭-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তারিখ- ২২-০৬-২০২২
বরাবর,
বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

বিষয়- উজ্জলকুড় মাধ্যমিক বিদ্যালয়ে অবৈধ ভাবে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন প্রসংগে।

জনাব,

যথা বিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ মিজানুর রহমান, গ্রামঃ বমনডহর, ডাকঘরঃ সোনাতুনিয়া, রামপাল, বাগেরহাট। কিছুদিন পূর্বে জানতে পারি বাগেরহাট জেলার রামপাল উপজেলার অন্তর্গত উজ্জলকুড় মাধ্যমিক বিদ্যালয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করা হয়। কমিটি গঠনের শুরু থেকে শেষ পর্যন্ত রাজনৈতিক প্রতিহিংসা ও ব্যক্তিগত চরিতার্থ করার হীন-মানষিকতা পোষণের নিমিত্তে বিভিন্ন ধরনের অনিয়ম ও বিশৃঙ্খলা পরিপন্থি পরিলক্ষিত হয়। আমার কাছে প্রতিয়মান বিধি বর্হিভূত কতকগুলো অভিযোগ হলো-

০১) প্রিজাইডিং অফিসার নিয়োগ ও তাহার অনৈতিক কর্মকান্ড। ০২) প্রতিষ্ঠাতা সদস্যের নির্বাচন। ০৩) মৃতঃ ব্যক্তিকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তি। ০৪) জোর পূর্বক প্রার্থীতা প্রত্যাহার করানো। ০৫) একই ব্যক্তিকে দুইবার ভোটার করানো। ০৬) ভোটার তালিকায় বিধি বর্হিভূত স্বাক্ষর গ্রহন সহ নানাবিধ অনিয়ম। এহেন পরিস্থিতিতে উক্তি নিয়মিত কমিটি টি বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সৃষ্ট ভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি করেছে এবং এলাকায় সচেতন শিক্ষিত ও অভিব্যবক মহলে জনরোষ সৃষ্টি করেছে। সুতরাং অভিযোগকৃত বিষয় গুলোর সৃষ্ট তদন্ত হওয়া একান্ত প্রয়োজন বলে আমি মনে করছি।

অতএব, বিনীত নিবেদন এই যে, উপরোক্ত বিষয় গুলোর ব্যাপারে তদন্ত পূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহনে আপনার একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক
মোঃ মিজানুর রহমান

গ্রামঃ বমন ডহর, ডাকঘরঃ সোনাতুনিয়া
উপজেলাঃ রামপাল, জেলাঃ বাগেরহাট।
মোবাইল নং- ০১৭২৮ ৯৯১৯১২